REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, ঝটকা, পাটি, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা।

বড়বাজার।

১৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৪ঠা জ্যৈষ্ঠ বুধবার ১৩৩৯ ইংরাজী 18th May 1932 | ১ম সংখ্যা


# হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোক্রোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৷০

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।


গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন।

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয় রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৪ঠা জ্যৈষ্ঠ বুধবার ১৩৩৯ সাল।

## জঙ্গিপুর সংবাদের ঊনবিংশ বর্ষ।

জঙ্গিপুর সংবাদের গ্রাহক, পাঠক ও পৃষ্ঠপোষকগণের নিকট সাম্নুনয় নিবেদন—অদ্য আপনাদের পালিত "জঙ্গিপুর সংবাদ" ঊনবিংশ বর্ষে পদার্পণ করিল। আপনাদের সাহায্য ও উৎসাহ না পাইলে এই সংবাদপত্র এতদিন বাঁচিত না। আপনারা ইহাকে যেমন স্নেহের চক্ষে দেখিয়া আসিতেছেন, আশা করি এই ক্ষুদ্র সংবাদপত্র সে স্নেহে কখনই বঞ্চিত হইবে না। আজ "জঙ্গিপুর সংবাদে"র নববর্ষারম্ভে আপনারা আমাদের পাত্রভেদে প্রণাম, নমস্কার ও আশীর্ব্বাদ গ্রহণ করুন।

---

## মহরম।

স্থানীয় মুসলমানগণের মহরম পর্ব্ব নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়াছে। যাহাতে কোন গোলমালের সৃষ্টি না হয় তজ্জন্য আমাদের সুযোগ্য সাবডিভিসনাল অফিসার মহোদয় বিশেষ সতর্কতা অবলম্বন করিয়াছিলেন।

---

## দিয়াশলাইয়ের কারখানা।

বহরমপুরে কলিকাতার বঙ্গীয় দিয়াশলাই কার্য্যালয়ের মিঃ ঘোষ একটী নূতন দিয়াশলাইয়ের কারখানা খুলিয়াছেন। মিঃ কে, সি, দে উহার উদ্বোধন করিয়াছেন।

---

## বাঙ্গালী ছাত্রের কৃতিত্ব।

এবারে পাটনা বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিকুলেশন পরীক্ষায় শ্রীমান্ অজিতকুমার ঘোষ প্রথম স্থান অধিকার করিয়াছেন। বাঁকীপুর বালিকা বিদ্যালয়ের ছাত্রী কুমারী রমলা দে দ্বিতীয় স্থান এবং পাটনা কলেজিয়েট স্কুলের ছাত্র শ্রীমান্ ইন্দুভূষণ ব্যানার্জ্জী তৃতীয় স্থান অধিকার করিয়াছেন। এই পরীক্ষায় শতকরা ৩৭ জন পাশ করিয়াছেন।

---

## অধঃপাতের পথে।

কলিকাতায় নারী নৃত্যের দেখাদেখি বাঙ্গলা দেশের সর্ব্বত্র নারী নৃত্য হইতে আরম্ভ হইয়াছে। কিন্তু ঢাকা কলিকাতাকেও হার মানাইয়াছে। তথায় নারী নৃত্যের এক প্রতিযোগিতা হইয়া গিয়াছে

---

## তুলসীবিহার মেলা।

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও জঙ্গিপুরের সেবাইত জমিদারগণের নৈমিত্তিক তুলসীবিহার মেলা যথারীতি সম্পন্ন হইয়াছে। মেলায় কীর্ত্তন ও রুদ্রনগরের যাত্রা গানের বন্দোবস্ত ছিল। কাঙ্গালীগণকেও তিনদিন মধ্যাহ্নে অন্নদানের ব্যবস্থা হইয়াছিল। প্রখর রৌদ্রের জন্য বিদেশাগত যাত্রীগণের খুব কষ্ট হইয়াছে। পূর্ব্বে তুলসীবিহার বাটীর চতুঃপার্শ্বে যাত্রীগণের থাকিবার জন্য খড়ের চালা তৈয়ারী হইত। এবারে তাহাও হয় নাই।

---

## জলছত্র।

রঘুনাথগঞ্জের অন্যতম ব্যবসায়ী ও ভূতপূর্ব্ব মিউনিসিপাল কমিশনার বাবু হরগোবিন্দ আগরওয়ালা তুলসীবিহার মেলায় যাত্রীগণের জন্য বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করিয়াছিলেন। ইহাতে যাত্রীগণের খুব উপকার হইয়াছে। এই প্রচণ্ড গ্রীষ্মে জলদানের ন্যায় পুণ্য আর নাই। আমরা হরগোবিন্দ বাবুর দীর্ঘায়ু কামনা করি।

---

## গৃহদাহ।

গত মঙ্গলবার দুপুরে জঙ্গিপুর মেছুয়াবাজারে আগুন লাগিয়া ব্যবসায়ী শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত আশুতোষ দাস মহাশয়ের দোকানের সমস্ত জিনিষপত্র পুড়িয়া গিয়াছে এবং শ্রীযুক্ত শ্রীনন্দন সাহা মহাশয়ের দুখানি ঘরও পুড়িয়া গিয়াছে। উমেশচন্দ্র ঘোষ মহাশয় কিছুই বাহির করিতে পারেন নাই।

বুধবার বেলা ৯টার সময় রঘুনাথগঞ্জে ৺উমাচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বাটির পশ্চাদ্দিকের খড়ের ঘরে আগুন লাগে। সঙ্গে সঙ্গে লোকজন জুটিয়া পড়িয়া আগুন নিভাইয়া ফেলে। বিশেষ কোন ক্ষতি হয় নাই।

---

## বদলী।

জঙ্গিপুরের সুযোগ্য দ্বিতীয় মুন্সেফ বাবু প্রিয়ব্রত সেন মহাশয় নদীয়া জেলার মেহেরপুরে বদলী হইলেন।

---

## গভর্ণমেণ্ট মনোনীত কমিশনার।

মৌলবী সৈয়দ আবুল ফজল, মৌলবী আমজাদ আলি, বাবু কিশোরীমোহন সিংহ, মৌলবী মহম্মদ এসাহাক, মৌলবী আবদার রাহিম ও হাজি মনিরুদ্দিন আহম্মদ সাহেব এই ছয়জন গভর্ণমেণ্ট কর্ত্তৃক জঙ্গিপুর মিউনিসিপালিটির কমিশনার মনোনীত হইয়াছেন।

---

## স্কুল সমূহে গ্রীষ্মাবকাশ।

স্থানীয় স্কুলসমূহ গ্রীষ্মের ছুটিতে এক মাসের জন্য বন্ধ হইয়াছে। অবকাশান্তে পুনরায় কার্য্য আরম্ভ হইবে।

---

## শক্তিমান বাঙ্গালী।

যশোহরের অন্তর্গত কালীপুরের শ্রীকানাইলাল স্বর্ণকার গত ৩রা মে কচুবাড়ীতে ৭ ফুট লম্বা এক ব্যাঘ্র শিকার করিয়াছে।

---

## জেলা বোর্ড।

মুর্শিদাবাদ জেলা বোর্ডের নূতন বোর্ড গঠনের গত বৎসরেই সময় হইয়াছিল, কিন্তু কয়েকটি মহকুমার নির্ব্বাচন গোলযোগে এ বৎসর পঞ্চম মাসেও নব বোর্ড গঠিত হয় নাই। কতদিনে হইবে তাহা এখনও স্থির হয় নাই, তবে পুরাতন বোর্ডের চেয়ারম্যান এবং সভ্যগণের পক্ষে এ বিলম্ব তত অপ্রীতিকর নয় বরং যত বিলম্ব হয় ততই ভাল।

---

## মৃত্যু।

গত সপ্তাহের পূর্ব্ব সপ্তাহে খাগড়ার প্রতাপ সাহার মৃত্যু হইয়াছে। প্রতাপ সাহা সামান্য দোকানদার হইতে নিজের অধ্যবসায় গুণে লক্ষপতি হইয়া এই সহরে বৃহৎ বাটী, বৃহৎ তৈলের কল এবং জমিদারী করিয়া গিয়াছেন। প্রতাপচন্দ্র খুব অদৃষ্টবান লোক ছিলেন।

---

## নূতন কাপড়ের কল।

বর্দ্ধমান জেলার কালনা সহরের নিকট শ্রীরামপুর গ্রামে নদীয়া কটন মিল নামে একটী কাপড়ের কল স্থাপিত হইতেছে। মেদিনীপুর সহরেও একটী কাপড়ের কল প্রতিষ্ঠার কথা চলিতেছে।

---

## দান।

খুলনার অন্তর্গত সাতক্ষীরা হইতে পাটকেলঘাটা পর্য্যন্ত একটী প্রস্তর নির্ম্মিত রাস্তা তৈয়ারীর জন্য শ্রীযুত কালীপদ সাধু খাঁ জেলা বোর্ডের চেয়ারম্যানের হস্তে ১২ হাজার টাকা দান করিয়াছেন।

---

## ৺কাশীধাম দর্শনে।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ মহঃজনঃ তপঃ সত্যঃ সপ্তলোক,
তারও ঊর্দ্ধে রহে যাহা, কহে তারে ধ্রুবলোক।
এই যে সৌরজগৎ মাঝে নিত্য যাহা দৃশ্যমান,
সে যে, লোকাষ্টক মহাবিশ্বের কতটুকু অংশখান,
তা ভাবতে গেলে পাগল হবে, রবেনাক কাণ্ডজ্ঞান
আদার ব্যাপারি যে, তার জাহাজে কি প্রয়োজন?
লোকাষ্টক মহাবিশ্বের স্রষ্টা যে, সে বিশ্বনাথ,
অন্নপূর্ণা শক্তি সনে কাশীধামে কাশীনাথ।
সৃষ্টি কিছু ক'রতে হ'লে স্রষ্টা যে তার শক্তি চাই
সৃষ্টি রক্ষা ক'রতে হ'লে অন্ন আগে চাইই চাই;
তাই অন্নপূর্ণা মাতৃশক্তি পিতা বিশ্বনাথের পাশে
শিবশক্তিময়ী কাশী মুক্ত কর, সকল পাপে।
গণশক্তি বিনা কোন কার্য্য সিদ্ধ নাহি হয়
তাই গণাধিপ ঢুণ্ডিরাজে সর্ব্ব অগ্রে সাধ্‌তে হয়
গণশক্তি অগ্রে সাধ অমুক্ত ভারতবাসী
সিদ্ধিদাতা গণশক্তি, হৃদয় মাঝে পাবে কাশী,
অমুক্ত ভারতবাসী, মুক্তি যদি কর আশ
অশুচিকে শুচি কর, অহমিকা কর নাশ
নতুবা হবেনা মুক্তি, সিদ্ধিলাভের নাইকো আশা
অন্নপূর্ণা বিশ্বনাথে মিথ্যা হবে দেখ্‌তে আসা।
আজি শিবচতুর্দ্দশী, উপবাসী কাশীবাসী সবে
দশদিক মুখরিত, জয় বিশ্বনাথ, জয় অন্নপূর্ণা রবে।
মঙ্গল আরতি, অঘোর মুরতি, আজি কুহু মধু রাতি
শিব রৌদ্রীপাঠ সব শিবময়, শিবময় সাজে মোহন প্রকৃতি
সায়াহ্ন শৃঙ্গার, কিবা মনোহর, পঞ্চ মহানাগ
শিরে ধরে ফণা।
নর্ত্তন তাণ্ডব তালে, ববম্‌ বাজে গালে
ডম্ডম্‌ডম্ বাজে ডমরু বাজনা।
অনাদি উলঙ্গ, বহু শিবলিঙ্গ ধরে পঞ্চক্রোশী কাশী
তাই মহাদেব ছাড়িয়া কৈলাস দ্বিতীয় কৈলাস
করেছেন এই কাশী।
ভূকেন্দ্রে নিহিত তড়িত শকতি
অনাদি লিঙ্গেতে করয়ে বসতি।

চন্দ্র সূর্য্য সনে, মহা আকর্ষণে
হয় বিকীরণ বিশ্বহিত তরে;
লভি শুভক্ষণ, ভক্তি যোগাসন,
লভে পরিত্রাণ কত শত নরে।
কাশী মোক্ষধাম অন্নপূর্ণা নাম
আনন্দ কানন কাশী
দেখরে সবে বিশ্বনাথে, দেখরে অন্নপূর্ণা মাকে
আয়রে ভাই, আয়রে সবে, আয়রে বিশ্ববাসী।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৫ই জুন ১৯৩২।

২১৭ মনি ডিঃ বঙ্কবিহারী দাস দেং বিনোদবিহারী দাস দাবি ৪৬৫৶৩ পং গনকর মৌজে আহিরণ ১১৭ একর ৮৪ শতকের কাত ৪৩৪।/৬ আঃ ৩০০৲ উক্ত জোত জমায় দেন্দারের ½ অংশ নীলাম হইবে মোকররী স্বত্ব।

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৮ই জুন ১৯৩২।

৩৬৫ থাং ডিঃ কুমার কমলারঞ্জন রায় দেং সুকুমার অধিকারী দিং দাবি ৪৪৶৯ পং কাশীপুর মৌজে ভুরকুণ্ডা ৬/১৷৶০ বিঘার কাত ৫৫৶৬ আঃ ৩০৲

৩৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০।৩ পরগণাদি ঐ ৩৷২৶০ বিঘার কাত ১০।/৪ আঃ ২৫৲ ডিক্রীদারের ৷০ আনা অংশে জমা ৫।৮ পাই।

৩৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৷৩ পরগণাদি ঐ ৩৷২৷৶০ বিঘার কাত ৬।/৬ আঃ ২০৲ বাদীর ৷০ আনা অংশে জমা ৩৶৯ পাই।

১০৬২ থাং ডিঃ কিরণবালা দেবীর ষ্টেটের রিসিভার বিভূতিভূষণ সিংহ দেং হারাধন মুখোপাধ্যায় দিং দাবি ১৫৷৶৬ পং ও মৌজে বহুতালি ৪/১৷০ বিঘার কাত ২৶/১৫ আঃ ১০৲

১৯ মনি ডিঃ বিপ্রচরণ পাঁড়ে দেং জোহরালি বিশ্বাস দাবি ৬৫২৫৩ পং কাঁকজোল মৌজে বল্লালপুর ৭৯ শতকের কাত ২৫/৩ আঃ ৩০৲ ২নং লাট পরগণাদি ঐ ৫০ শতকের কাত ৩৫৶৭ আঃ ২০৲ ৩নং লাট পরগণাদি ঐ ১ একর ১১ শতকের কাত ৩৷৶৬ আঃ ৬০৲ ৪নং লাট পং দশহাজার মৌজে বৈকুণ্ঠপুর ৪০ শতকের কাত ১/১ আঃ ১৫৲ ৫নং লাট পরগণাদি ঐ ৫২ শতকের কাত ১৷৬ আঃ ২০৲ ৬নং পং রুকুনপুর মৌজে কুলী ৫২ শতকের কাত ৬৲৮ আঃ ৪০৲ ৭নং লাট পরগণাদি ঐ ১ একর ৩৮ শতকের কাত ২৫৶৮ আঃ ৫০৲

---


মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মুল্য প্রতি শিশি ৸০ বার আনা।


## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।

মুল্য ৪ আঃ শিশি ১।/০ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)





## প্রতিষেধক স্বরূপ কর্পূরাসবের গুণ অসামান্য!

বিসূচিকা বা কলেরার প্রাদুর্ভাবকালে গৃহে এক শিশি "কর্পূরাসব" থাকিলে সে স্থানে কলেরার প্রবেশ রুদ্ধ হইয়া যায় বলিলে অত্যুক্তি হয় না।

বহু বর্ষের চেষ্টা ও পরীক্ষার ফলে আবিষ্কৃত এই ঔষধ বিগত ৫০ বৎসরে বহু রোগীকে রোগমুক্ত করিয়াছে। কলেরা বা ওলাউঠা ব্যতীত "কর্পূরাসব" সেবনে দুরারোগ্য আমাশয়, অজীর্ণ, প্রভৃতি ত্বরায় নিবারিত হয়। এই ঔষধের নাম লইলে কলেরার আক্রমণ হইতে অব্যাহতি পাওয়া যায়।

আজই এক শিশি
সংগ্রহ করুন!
এক শিশি ৷০ আনা
ডাকমাশুলাদি ।৶০।

**সি, কে, সেন**
—এণ্ড কোং লিঃ—
২৯ কলুটোলা, কলিকাতা।





শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন:—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

